

# শুরু হল ন্যাশনাল স্কুল ইনটেনসিভ ২০১৬

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: নিউটাউন স্কুলে এক সপ্তাহব্যাপী 'স্পিক ম্যাকে ন্যাশনাল স্কুল ইনটেনসিভ ২০১৬' শুরু হল। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পদ্মভূষণপ্রাপ্ত বেহালাবাদক এল সুব্রহ্মণ্যম, বিশিষ্ট নৃত্যশিল্পী সুজাতা মহাপাত্র এবং স্কুল শিক্ষা সচিব দুগ্ধস্তু নারিয়াল। আগামী ৩০ ডিসেম্বর পর্যন্ত হবে এই অনুষ্ঠান। এদিন এর সূচনার পর নানা সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়। উদ্যোক্তাদের তরফে জানানো হয়েছে, এখানে শ্রেফ স্কুলের পড়ুয়ারা অংশগ্রহণ করতে পারবে। শতাধিক স্কুলের পাঁচশোর বেশি ছাত্রছাত্রী এতে অংশগ্রহণ করবে। অনুষ্ঠান নিয়ে নিউটাউন স্কুলের ফাউন্ডার ডিরেক্টর সুনীল অগ্রওয়াল বলেন, এই ন্যাশনাল স্কুল ইনটেনসিভ যেভাবে সাড়া পাওয়া গিয়েছে, তা অভূতপূর্ব। যাঁরা এখানে অংশগ্রহণ করছে, তাদের দারুণ সময় যাবে। অনেক কিছু শিখতেও পারবে।